

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ
doict.munshiganj.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৫৯০০.০০০.২৫.০০১.১৯- ৩৩

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬ ব.
২১ নভেম্বর ২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮.১০৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ এর তত্ত্বাবধানে জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে আগামী ০১ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখ থেকে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা থাকতে হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। আবেদনে (ক) নাম, (খ) মাতার নাম, (গ) পিতার নাম, (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) অভিজ্ঞতা (যদি থাকে), (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) লিঙ্গ, (ঞ) জাতীয়তা, (ট) মোবাইল নম্বর উল্লেখসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি, (ঠ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি, (ড) বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা সম্পন্ন সার্টিফিকেটের ছায়ালিপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
- ৫। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৬। দরখাস্ত আগামী ১৭/১১/২০১৯ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ-এর আইসিটি শাখায় (কক্ষ নং- ২০৯) জমা দিতে হবে।
- ৭। আবেদনকারীদের মৌখিক পরীক্ষা ২১.১১.১৯ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কক্ষে অনুষ্ঠিত হবে এবং ঐ দিন তালিকা চূড়ান্ত করে জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।
- ৮। প্রশিক্ষণার্থীকে দৈনিক ৩০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ৯। প্রশিক্ষণার্থীকে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ১১। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ১২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(খান মোঃ নাজমুস শোয়েব)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
মুন্সীগঞ্জ
ফোনঃ ৭৬২০৭৮২


email-adceduictmunshiganj@gmail.com

স্মারক নং- ৫৬.০৪.৫৯০০.০০০.২৫.০০১.১৯- ৬ন

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬ ব.
২১ নভেম্বর ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... মুন্সীগঞ্জ; তাঁর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ (জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল)..... মুন্সীগঞ্জ, তাঁর কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৬। সভাপতি/সম্পাদক..... মুন্সীগঞ্জ; (বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় বিনামূল্যে ছাপানো/প্রচার এবং ০৩ (তিন) কপি এ কার্যালয়ে কর্মরত প্রোগ্রামার এর নিকট প্রেরণের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।


অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
মুন্সীগঞ্জ